

চুয়েট, কুয়েট ও রুয়েটের ভর্তি পরীক্ষা ১৭ জুন

প্রতিনিধি, রাজশাহী

: বুধবার, ১৪ জুন ২০২৩

রুয়েট, চুয়েট ও কুয়েট প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এ স্নাতক প্রথম বর্ষ/ লেভেল-১ ২০২২-২৩ শিক্ষাবর্ষের সমন্বিত ভর্তি পরীক্ষা আগামী ১৭ জুন সকাল ১০টা থেকে স্ব-স্ব বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।

কেন্দ্রীয় ভর্তি কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. রোকনুজ্জামান জানান, 'এবারের ভর্তি পরীক্ষায় ৩২৩১টি আসনের বিপরীতে ২৪ হাজার ৯৮০ জন পরীক্ষার্থী অংশ নেবে। রুয়েট, চুয়েট ও কুয়েটে আসন সংখ্যা যথাক্রমে ১২৩৫, ১০৬৫ ও ৯৩১টি। চুয়েট, কুয়েট ও রুয়েটের প্রত্যেক কেন্দ্রে (ক ও খ গ্রুপে) ৮ হাজার ৩২৬ জন করে পরীক্ষার্থী অংশ নেবে। যার মধ্যে ক গ্রুপে ২২ হাজার ৮৯২ জন এবং খ গ্রুপে ২ হাজার ৮৮ জন। 'ক' গ্রুপে ৫০০ নম্বরের গর্ডছ পদ্ধতিতে পরীক্ষা সকাল ১০ ঘটিকা থেকে বেলা সাড়ে ১২ ঘটিকা পর্যন্ত এবং 'খ' গ্রুপে ৫০০ নম্বরের গর্ডছ পরীক্ষা এবং ২০০ নম্বরের মুক্ত হস্ত অংকনসহ মোট ৭০০ নম্বরের পরীক্ষা সকাল ১০ থেকে থেকে দুপুর পৌনে ১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।' এছাড়াও তিনি জানান, 'ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে এরই মধ্যে সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। পরীক্ষাকে কেন্দ্র করে যেকোনো ধরনের জালিয়াতি রোধে সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে। ভর্তি পরীক্ষার জন্য ইতোমধ্যে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, বিভিন্ন সেবা সংস্থা ও প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সহযোগিতায় সব প্রস্তুতি নেওয়া হয়েছে।'

এদিকে রুয়েট কেন্দ্রের ভর্তি পরীক্ষার প্রস্তুতির বিষয়ে রেজিস্ট্রার ও লোকাল ভর্তি কমিটির সদস্য সচিব অধ্যাপক ড. মো. সেলিম বলেন, 'এবারের ক ও খ অধীনে ১৪টি বিভাগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকাল ১০টা থেকে বেলা সাড়ে ১২টা পর্যন্ত ক গ্রুপে মোট ৭ হাজার ৭৩২ জন এবং খ গ্রুপের ভর্তিচ্ছু অংশ নেবে। পরীক্ষায় অংশ নিতে পরীক্ষার্থীকে উচ্চ মাধ্যমিকের মূল রেজিস্ট্রেশন কার্ড ও ডাউনলোডকৃত সমন্বিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের হার্ডকপি সঙ্গে আনার জন্য বলা হয়েছে।